উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার (৩৪তম সভা) কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
সভার তারিখ ঃ ১১ নভেম্বর, ২০২১, সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচী মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্তগ্রহণঃ<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান। | কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপনঃ<br>উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি বা সার্কুলার পাওয়া যায়নি। | | |
| | | রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি ও হাট-বাজার সংক্রান্ত হিসাব উপস্থাপনঃ<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যয় বিবরণীঃ (অক্টো:২১-নভে:/২১):<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান<br>-অক্টোবর/ ২১ মাসের আপ্যায়ন বিল উত্তোলন বাবদ - ৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের ০৫টি বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ-১,০৭,৩০৯/- টাকা<br>- কোর্ট বিল্ডিংয়ের বিদ্যুৎ লাইনের মালামাল ক্রয় ও মেরামত বিল পরিশোধ বাবদ-৫,৬৭০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের অক্টোবর/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর অক্টোবর/২০২১ মাসের মজুরী- ১৩,৭০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর অক্টোবর/২১ মাসের মজুরী ভাতা- ১৩,৭৫০/- টাকা<br>- উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের নীচ তলার দক্ষিণ পাশের ফ্লাটের ডাইনিং কক্ষের বেসিনসহ অন্যান্য কাজের বিল পরিশোধ বাবদ-২,৩৩৯/- টাকা<br>- মাষ্টারোলে কর্মরত ইলেক্ট্রিশিয়ান এর সেপ্টে: ও অক্টো /২১ মাসের পারিশ্রমিক ভাতা-১২,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের ইন্টারনেট বিল -৩,৪০০/- টাকা<br>-উপজেলা পরিষদেরঅক্টোবর/২০২১ মাসের আনুষংগিকভাতা-৫,০০০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | | (খ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা ( অক্টো:/২০২১):<br>-স্বল্পমূল্যে বাণিজ্যিক স্যানিটারি ন্যাপকিন উৎপাদন উপলক্ষে প্রশিক্ষণের চূড়ান্ত বিল বাবদ-৪৩,৮৯০/- টাকা<br>অনলাইন মার্কেট প্লেসে পণ্য বিক্রয় ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ ব্যয়ের অগ্রীম পরিশোধ-৮৮,০০০/- টাকা।<br>-গর্ভবতী মায়েদের প্রাতিষ্ঠানিক ডেলিভারী প্রশিক্ষণ ব্যয়ের অগ্রীম পরিশোধ-১,১১,০০০/- টাকা। | | |
| | | গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধকৃত বিলের তালিকা সমন্বয়ের জন্য :<br>(অক্টো:/২১-নভেম্বর/২১):<br>-বালিয়াকান্দি উপজেলাধীন (১) মাশালিয়া বাজার, (২) নারুয়া বাজার . (৩) পদমদী কুড়িপাড়া বাজারে স্যানেটারী লেট্রিন ও টিউবয়েল সরবরাহ বাবদ বিল পরিশোধ-৮,৭৬,১২৪- টাকা<br>-উপজেলার বিভিন্ন প্রাথমিক ও কলেজ শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী সরবরাহ বাবদ-১,৫০,০০০/-টাকা<br>- উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ বাবদ বিল পরিশোধ বাবদ বিল-১,৫০,০০০ টাকা<br>-উপজেলার খামারীদের মধ্যে হ্যান্ড স্প্রে মেশিন সরবরাহ বাবদ বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>-সোনাপুর বাজারে কসাইখানা নির্মাণ, নারুয়া বাজারে কসাইখানা নির্মাণ, জংগল বাজারে সিসি রাস্তা নির্মাণ, বেতাঙ্গী বাজারে পাকা রাস্তা হতে মসজিদের অজুখানা ও লেট্রিন পর্যন্ত রাস্তা পাকাকরণ ও বালিয়াকান্দি বাজারের অভ্যন্তরে সিসি রাস্তা নির্মাণ বাবদ ব্যয়-৬ ৪২,৫৮৮/- টাকা<br>-ইলিশকোল পাকা রাস্তার বোবার মোড় হতে চন্দনী নদী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ বাবদ-৪,৯৮,৩০১/- টাকা<br>- নারুয়া বাবুল এর বাড়ীর নিকট কাটা খালের উপর পাইপ কালভার্ট নির্মাণ, মীর মশাররফ হোসেন কলেজ রাস্তা হতে জংগলের ব্রীজ রাস্তার পাইপ কালভার্ট নির্মাণ, ইন্দুরদী ব্রীজ করচাডাঙ্গী রাস্তায় ইন্দুরদী সুইচ গেট কালভার্ট নির্মাণ কাজের জামানত ফেরত- ২৮,৬৯০/- টাকা<br>- ইন্দুরদী ব্রীজ করচাডাঙ্গী রাস্তায় ইন্দুরদী সুইচ গেটের পাশে কালভার্ট নির্মাণ কাজের জামানত ফেরত-২৮,১০০/- টাকা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) উপজেলা পরিষদের এডিপি হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (অক্টো:/২০২১-নভেম্বর/২১ ): বর্ণিত খাতে চলতি মাসে কোন ব্যয় হয়নি।<br>(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা- (অক্টো:/২০২১-নভেম্বর/২০২১ ):<br>-বহরপুর কাঁচা বাজার হতে কাপড় বাজার পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ বাবদ ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ-৫,৪৫,৩৬৫/- টাকা<br>-বহরপুর কাঁচা বাজার হতে পোস্ট অফিস পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ বাবদ ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ-৪,৬৪,১৬৪/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব গ্রহণ করে অদ্য তার প্রথম উপজেলা মাসিক সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। অদ্যকার সভার সম্মানিত সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয়সহ সংশ্লিষ্ট সকল সদস্যকে শুভেচ্ছা ও আন্তরিক সালাম জানিয়ে বক্তব্য উপস্থাপন করেন এবং সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন। একটি টিমওয়ার্ক হিসেবে এ উপজেলার সকল উন্নয়নসহ সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্ব যাতে সুন্দর ও সুষ্ঠুভাবে চালিয়ে যেতে পারেন সেই মর্মে আশাবাদ ব্যক্ত করেন। সেই সাথে জানান আসন্ন ইউপি নির্বাচন একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ হিসেবে আমাদেরকে গ্রহণ করতে হবে। যেন আমরা সুষ্ঠু ও সফলভাবে নির্বাচন প্রক্রিয়া সমাপ্ত করতে পারি। আলোচনায় তিনি গুরুত্বপূর্ণ কাজগুলোর বিষয়ে গুরুত্বারোপ করেন। | ১। বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানগণ |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরি:পরি: কর্মকর্তা (ভারপ্রাপ্ত ) জানান যে, হাসপাতালের বিভিন্ন চিকিৎসাসেবা কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | সেবা কার্যকমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, এলএটিপি-২ প্রকল্পের আওতায় ০৭টি ইউনিয়নে ১৫টি কৃমিনাশক ক্যাম্প পরিচালনা করা হয়। উক্ত ক্যাম্পগুলোতে ০২ হাজার খামারীর ৬০০০(ছয় হাজার) গবাদি পশুর কৃমিনাশক ট্যাবলেট বিতরণ করা হয়। এছাড়া ২১ জন খামারীরর মাঝে ২০৪৫ কেজি দানাদার খাদ্য ও ভিটামিন এবং ০৬ জন খামারীকে মুরগীসহ ঘর ০৭ জন খামারীর মাঝে ছাগলের মাঁচা বিতরণ করা হায়। অফিসের চিকিৎসা কার্যক্রম ও সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে । | খামারীদের প্রশিক্ষণের নিমিত্তে বাছাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রণোদনা কর্মসূচীর আওতায় ৩০০০ কৃষকের মাঝে বিনামূল্যে গম, সরিষা, পেঁয়াজ, ভুট্টা, সূর্যমূখী, খেসারী , মসুর ও মুগ বীজ এবং সার বিতরণ করা হয়েছে। বোরো ধানের বীজ ও সার ডিসেম্বরের প্রথম সপ্তাহে বিতরণ করা হবে। রবি মৌসুমের সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রণোদনা কর্মসূচির আওতায় প্রাপ্ত বীজ ও সার যথাযথভাবে বিতরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, জাটকা সংরক্ষনে প্রচারনার অংশ হিসাবে বিভিন্ন বাজার/আড়তে ব্যানার স্থাপন ও বাজার মনিটিরিং চলছে। পুকুর পরিদর্শন ও পুকুরের পানি পরীক্ষা কার্যক্রম চলছে এবং মৎস্য খাদ্য দোকানে লাইসেন্স গ্রহণ/নবায়নের তাগিদ দেয়া হয়। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃ পরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ইউনিয়ন পরিষদের প্রতিটি স্বাস্থ্য কেন্দ্রে জনবল কম থাকায় অদ্যবধি উক্ত বিষয়ে কোন সমাধান না হওয়ায় স্বল্প জনগণ নিয়েই স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফলে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ পর্যায়ে তিনি আরো জানান মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫,৯৯২ জন, সর্বমোট পদ্ধতির গ্রহণকারীর সংখ্যা ৩৫,৩৪৮ জন এবং গ্রহনকারীর হার ৭৬.৮৬%। স্থায়ী পদ্ধতি পুরুষ- নাই, স্থায়ী পদ্ধতি মহিলা-১৪ জন, আইইউডি-১৬ জন, ইমপ্লান্ট-২৯ জন, গর্ভবতীর সংখ্যা ২১০৭ জন ও নবদম্পতি ৭৯ জন। নরমাল ডেলিভারী ০৭ জন। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে সেবা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরি: পরি: অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষা কার্যক্রম যথারীতি চলমানসহ এ দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ১৪/১১/২০২১ তারিখ থেকে এসএসসি/ সমমানের পরীক্ষা শুরু হবে এবং এ ব্যাপারে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতে চলমান রয়েছে। | এসএসসি/ সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ধর্মতলা হাট হতে জঙ্গল ইউপি অফিস সড়কের চেইনেজ ৯ মিটারের অবস্থিত সরু জরাজীর্ণ সেতুর স্থলে নতুন ব্রীজের নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে। তৎপ্রেক্ষিতে বিদ্যমান জরাজীর্ণ সেতুটি নিলাম ডাকের মাধ্যমে অপসারন করার নিমিত্তে বিগত এপ্রিল/২০২১ মাসের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক প্রকৃত পরিমান গ্রহণপূর্বক ভাঙ্গা বাবদ ১,৩৮,৭০২/- টাকার অপসারন প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদিত হলে নিলাম ডাকের মাধ্যমে অপসারন করা হবে এবং উক্ত অপসারনের প্রাক্কলিত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ভার নির্বাহ করা যেতে পারে। পরবর্তী অপসারনকৃত সেতু হতে প্রাপ্ত ব্যবহার উপযোগী মালামাল প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয়পূর্বক বিক্রয়লব্দ অর্থ সরকারী কোষাগারে বিধি মোতাবেক জমা প্রদান করা হবে।<br>২। সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল, রাজস্ব তহবিল দ্বারা বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজ চলমান আছে এবং গুনগত মান বজায় রেখে কাজসমূহ তদারকি করা হচ্ছে এবং ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির টেন্ডার দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের অনুমোদন ও দরপত্র আহবান কাজ প্রক্রিয়াধীন আছে।<br>৩। উপজেলা প্রকৌশলী আরো জানান যে, রামদিয়া বাজারে সিসি রাস্তা নির্মাণ প্রকল্প বিষয়ে পরিষদের অনুমোদন রয়েছে। উক্ত প্রকল্পটি টেন্ডারের পরিবর্তে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে বাস্তবায়নের জন্য পুনরায় প্রস্তাব উপস্থাপন করেন। | ১। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ভার নির্বাহ করাসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>২। চলমান প্রকল্পসমূহের গুনগত মান বজায় রাখাসহ প্রকল্পগুলো সঠিকভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নিওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>৩। আলোচনান্তে রামদিয়া বাজারের সিসি রাস্তা নির্মাণ প্রকল্প কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিধবা ও বয়স্ক ভাতাভোগীদের শতভাগ বিকাশ হিসাব খোলার কার্যক্রম চলমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিকাশ হিসাব কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | (১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ৮৮.০০ লক্ষ, ঋণ আদায় ৭৫.৮৮ লক্ষ, শেয়ার আদায় ০.৩৩ লক্ষ এবং সঞ্চয় আদায় ০.৭৫ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ে ৩০ সেপ্টেম্বরে জাতীয় শিশু দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় বালিয়াকান্দি উপজেলায় এবং কিশোর কিশোরী স্থাপন প্রকল্পের ০৭টি ক্লাবে উদযাপন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের আওতায় ৬টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুকূলে ১,৮০,০০০/- টাকা অনুদানের চেক বিতরণ করা হয়েছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভূক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ২৫ জন সদস্যকে চলতি অর্থবছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগকর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২১ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫ টি ও পল্লী উন্নয়নের আওতাভুক্ত সিভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমবায় বিভাগের আওতাধীন সমবায় সমিতিসমূহের সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আত্মকর্মসংস্থান ও যুব ঋণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নভেম্বর/২১ পর্যন্ত ১৮০ জনকে প্রশিক্ষণ ও ১২ জনকে ৭,২০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যায়ে যুব মহিলাদের উৎপাদিত পণ্যসমূহ বিক্রয়ের জন্য একটি যুব কর্ণার স্থাপনের জন্য সভায় আবেদন জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | যথাযথযুক্তভাবে প্রশিক্ষণার্থী নির্বাচনের মাধ্যমে প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্নের জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | জরুরী প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করণসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরকারী কাজে ব্যস্ত থাকায় সভায় যোগদান করেন নি ফলে তার দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | জরুরী প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করণসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮২টি টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে এবং এবং ৯৮টি গভীর সাব মারসেবল নলকূপ স্থাপনের কাজ চলছে। | গৃহীত নলকূপ এবং সাব মারসেবল স্থাপনের কাজটি সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জ:স্বা:অ: |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ২০১৯-২০ অর্থবছরের ৭টি প্রশিক্ষণের মধ্যে ৫টি সমাপ্ত হয়েছে এবং ২ টি প্রশিক্ষণের বাস্তবায়ন প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে।<br>২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর আরো জানান যে, ২০২০-২১ অর্থবছরের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রস্তাবনা ও অবকাঠামো উন্নয়ন প্রস্তাবনা ইতোমধ্যে পিএমইউ হতে অনুমোদন হয়েছে।<br>৩। ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প টেন্ডার প্রক্রিয়ায় আছে এবং ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প টেন্ডার প্রক্রিয়া শুরু করা যাবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১। অনুমোদিত অবকাঠামো উন্নয়ন প্রকল্প সমূহের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর অনুরোধ করা হয়।<br>২। অনুমোদিত প্রশিক্ষণসমূহ বাস্তবায়ন কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর |
| ২০ | বিবিধ | ১। পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সভার শুরুতেই জানান অত্যন্ত সুন্দর পরিবেশে আমরা বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করেছি। সেইসাথে স্ব-স্ব বিভাগের সিদ্ধান্তগুলো বাস্তবায়নসহ সরকার কর্তৃক প্রদানকৃত দায়িত্বসমূহ সঠিকভাবে পালনের জন্য পরামর্শ প্রদান করেন এবং আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে সকলের ঐকান্তিক সহযোগিতা একান্তভাবে কামনা করেন। তিনি আরো জানান জনাব আম্বিয়া সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার যে কয়েক দিন এ উপজেলায় দায়িত্ব পালন করেছেন তা অত্যন্ত প্রসংশনীয়। আশা করি তার ছুটিকালীন দায়িত্বপ্রাপ্ত জনাব মোঃ হাসিবুল হাসান, সহকারী কমিশনার(ভূমি) এর সাথেও আমরা একইভাবে এই উপজেলা উন্নয়নের সকল কার্যক্রম চালিয়ে যেতে পারবো।<br>২। উপজেলা চেয়ারমান বলেন উপজেলা পরিদের ব্যবহৃত জীপগাড়ীটি (রাজবাড়ী-ঘ-১১-০০১১) দীর্ঘদিন যাবৎ রাস্তায় চলাচলের কারণে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। জীপগাড়ীটির ৪টি টায়ারের অবস্থা খুবই খারাপ। উল্লেখ্য, গত ২০১৭ সালের সেপ্টেম্বর মাসে উক্ত টায়ার সর্বশেষ স্থাপন করার পর অদ্যবধি কোন টায়ার স্থাপন করা হয়নি। এছাড়াও কতিপয় যন্ত্রাংশ খুব দ্রুত পরিবর্তন করা আবশ্যক। এ বিষয়ে বিআরটিএ, রাজবাড়ীর প্রত্যয়ন গ্রহণ করা হয়েছে। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর ০৪(চার)টি টায়ার টিউব ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদনের জন্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। | ১। স্ব-স্ব বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পাশাপাশি এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলসহ সংশ্লিষ্ট অন্যান্য খাতের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>২।উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের জীপগাড়ী নং-রাজবাড়ী-ঘ-১১-০০১১ এর ০৪(চার)টি টায়ার টিউব ও অন্যান্য যন্ত্রাংশ ক্রয়ের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের গৃহীত হয়। | ১।উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br>২। উপজেলা নির্বাহী অফিসার বালিয়কান্দি, রাজবাড়ী। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/১১/২১

(মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী ।

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ১৪১ (৩২), তারিখ ১১/১১/২০২১ খ্রি.।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৭-২৪। উপজেলা . . . . . . . . . . . . . . . কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২৫-৩১। চেয়ারম্যান.... . . . . . . . . . . (সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৩২। অফিস কপি।

(মোঃ হাসিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যগণের হাজিরা (পরিশিষ্ট-ক)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আব্দুস সালাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ আবুল হোসেন আলী, | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ ইউনুস আলী সরদার, | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব ডাঃমোহাম্মদ নাছির উদ্দিন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৮ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব ডা: মোঃ শাহিনুর রহমান (ভেটেরিনারি সার্জন) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ আসরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব হাসিনা ফারহানা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ নাজিউর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব কামরুন্নহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব নৃপেন্দ্রনাথ বিশ্বাস | চেয়ারম্যান, জঙ্গল ইউনিয়ন পরিষদ |
| ০২ | জনাব নায়েব আলী সেখ | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ |
| ০৩ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | উপজেলা বন সংরক্ষক, বালিয়াকান্দি |
| ০৪ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বালিয়াকান্দি |
| ০৫ | | |